| পরিচালক (প্রশাসন ও অর্থ) এর দপ্তর | |
|---|---|
| পরিচালক<br>DFSW / DH কৃষিই সমৃদ্ধি PPW / DCW/<br>DPPTW / DPOW<br>AD (Admin) / DD (Admin) / DD (P) / DD (LSS)<br>ADD-1/ADD-2/ADD (LSS) / ADD (P)<br>AD (F) / AD (P) / AD (Sadar) / AD / (DDO) / AD (M)<br>প্রশা-১/ প্রশা-২ / প্রশা -৩ মফস্বল / স্টোর কিপার<br>ডাইরি নং- ৬৭৪<br>তারিখঃ- | অতীব জরুরি<br>অবিলম্বে / জরুরি ব্যবস্থা নিন<br>প্রয়োজনীয় ব্যবস্থা নিন<br>নিরীক্ষণ / আলাপ করুণ<br><br>পরিচালক (প্রশাসন ও অর্থ) |

| Office of the Director General, DAE | |
|---|---|
| ☑ Director A&FW | ☐ Director PQW |
| ☐ Director FSW | ☐ Director PPIICT |
| ☐ Director CW | ☐ PA/PS to DG |
| ☐ Director HW | ☐ Others................... |
| ☐ Director TW | ☐ Attention.................. |
| ☐ Director PPW | ☐ Sign..................... |
| Issue No.................. | Date.................. |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
প্রশাসন-১শাখা
www.moa.gov.bd

স্মারক নম্বর ১২.০০.০০০০.০১২.৩২.০২৯.২১.১২৩

তারিখ: ১৩ মাঘ ১৪৩১ / ২৭ জানুয়ারি ২০২৫

**বিষয়: সরকারি কর্মচারী কর্তৃক দ্বৈত নাগরিকত্ব/পাসপোর্ট গ্রহণের তথ্য প্রেরণ সংক্রান্ত**

সূত্র: দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা-এর ০৫ জানুয়ারি ২০২৫ তারিখের ০০.০১.০০০০.৪০৩.৯৯.০১৫.২৪.৮৭৪ (৫৬) সংখ্যক পত্র

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা কর্তৃক উল্লিখিত বিষয়ে চাহিত তথ্য জরুরিভিত্তিতে কৃষি মন্ত্রণালয়ের প্রশাসন-১ শাখায় প্রেরণের লক্ষ্যে সূত্রোক্ত পত্রটির ছায়ালিপি নির্দেশক্রমে এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো।

**সংযুক্তি: বর্ণনামতে ০১ (এক) পৃষ্ঠা**


শেখ হাফিজুর রহমান
উপসচিব
ফোন: ২২৩৩৫৭৪২৯
E-mail: admin1@moa.gov.bd


**বিতরণ (মন্ত্রণালয়) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১। অতিরিক্ত সচিব (সম্প্রারণ/গবেষণা/নিরীক্ষা/পরিকল্পনা/সার ব্যবস্থাপনা ও উপকরণ/প্রশাসন/পিপিসি অনুবিভাগ)/ মহাপরিচালক (বীজ উইং), বাংলাদেশ সচিবালয়, কৃষি মন্ত্রণালয়, ঢাকা
০২। মহাপরিচালক, কৃষিনীতি সহায়ক ইউনিট (আপসু), কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

**বিতরণ (দপ্তর/সংস্থা) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

০১। চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, দিলকুশাবা.এ, ঢাকা
০২। মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা
০৩। নির্বাহী পরিচালক, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, বহরমপুর, রাজশাহী
০৪। মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা
০৫। মহাপরিচালক, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর
০৬। মহাপরিচালক, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর
০৭। মহাপরিচালক, বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট, মানিকমিয়া এভিনিউ, ঢাকা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫।
www.dae.gov.bd

**স্মারক নং- ১২.০১.০০০০.১১১.৯৯.০০৬.২১/ ৫৫৮**

**তারিখঃ ০৬/০২/২০২৫ খ্রি.।**

উপরোক্ত পত্রের মর্মানুযায়ী চাহিত তথ্যাদি মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা, (দৃষ্টি আকর্ষণ - পরিচালক, প্রশাসন ও অর্থ উইং) বরাবরে জরুরিভিত্তিতে প্রেরণের ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত/- মোঃ হাবিবউল্লাহ
পরিচালক (প্রশাসন ও অর্থ)

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। পরিচালক (সকল) উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
২। অতিরিক্ত পরিচালক (সকল অঞ্চল), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
৩। উপপরিচালক, আইসিটি ব্যবস্থাপনা অধিশাখা, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

ড. মুহাম্মদ মাহবুবুর রশীদ
উপপরিচালক (প্রশাসন)
পক্ষে- পরিচালক (প্রশাসন ও অর্থ)

দুর্নীতি দমন কমিশন
প্রধান কার্যালয়
১, সেগুনবাগিচা, ঢাকা।

| কৃষি মন্ত্রণালয় |
|---|
| ☑ অতিঃ সচিব (প্রশাসন) |
| ☐ অতিঃ সচিব (পিপিসি) |
| ☐ মহাপরিচালক (বীজ) |
| ☐ অতিঃ সচিব (নিরীক্ষা) |
| ☐ অতিঃ সচিব (সম্প্রঃ) |
| ☐ অতিঃ সচিব (গবেঃ) |
| ☐ অতিঃ সচিব (সার ব্যবঃ ও উপঃ) |
| ☐ অতিরিক্ত সচিব (পরিকল্পনা) |
| ☐ একান্ত সচিব |
| ডাইরী নং- তারিখঃ ০৭/০১/২০২৫ |
| স্বাক্ষর............ |

স্মারক নং ০০.০১.০০০০.৪০৩.৯৯.০১৫.২৪- ৬৭৪(৫৬) তারিখ: ২২ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ / ০৬ জানুয়ারি ২০২৫ খ্রিষ্টাব্দ

বিষয়: সরকারি কর্মচারী কর্তৃক দ্বৈত নাগরিকত্ব/পাসপোর্ট গ্রহণের তথ্য প্রেরণ।

সম্প্রতি লক্ষ করা যাচ্ছে যে, কতিপয় অসাধু সরকারি কর্মচারী তথ্য গোপন করে বাংলাদেশ ব্যতীত ভিন্ন দেশের পাসপোর্ট গ্রহণ ও ব্যবহার করছেন। চলমান দুর্নীতি বিরোধী অভিযানে শাস্তি অথবা আইনগত পদক্ষেপ এড়ানোর লক্ষ্যে তারা বিভিন্ন দেশের পাসপোর্ট ব্যবহার করে সেসকল দেশে অবস্থান করছেন। এভাবে উক্ত সন্দেহভাজন ব্যক্তিবর্গ নিজেদেরকে আইনী পদক্ষেপ হতে রক্ষা করাসহ নিজেদের অপকর্ম ঢেকে রাখার প্রয়াস চালাচ্ছেন। এসকল ক্ষেত্রে তারা বাংলাদেশের পাশাপাশি একইসঙ্গে অন্যান্য দেশের নাগরিকত্ব গ্রহণ করে থাকেন। অথচ, তাদের এ ধরনের কার্যকলাপ সরকারি চাকুরি আইন, ২০১৮ এর ৪০ ধারার সম্পূর্ণ পরিপন্থী।

০২। দুর্নীতি দমন কমিশন কর্তৃক পরিচালিত বিভিন্ন অনুসন্ধানকালে এ মর্মে তথ্য পাওয়া গেছে যে, সরকারি কর্মচারীদের এরূপ একাধিক পাসপোর্ট গ্রহণের অন্যতম লক্ষ্য হলো, বাংলাদেশে দুর্নীতির মাধ্যমে অর্জিত তাদের অবৈধ সম্পদ গোপন করে বিদেশে পাচার ও ভোগ করা। তাদের এরূপ কার্যকলাপ দেশে দুর্নীতির প্রসারে ভূমিকা রাখছে এবং দেশের অর্থনীতিকে ক্ষতিগ্রস্ত করছে। তাছাড়া, ভিন্ন একটি দেশে নাগরিকত্ব গ্রহণের পর বাংলাদেশের সরকারি চাকুরির নৈতিক দায়-দায়িত্বের প্রতি তাদের অনাগ্রহ পরিলক্ষিত হয়, যা কোনক্রমেই বাঞ্ছনীয় নয়।

০৩। উল্লেখ্য, দন্ডবিধির ২১ ধারা, দুর্নীতি প্রতিরোধ আইন, ১৯৪৭-এর ২ ধারা এবং ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১-এর ১১০ ধারাসহ সংশ্লিষ্ট অন্যান্য সকল আইন অনুযায়ী প্রতিরক্ষা বিভাগে কর্মরত সকল কমিশন্ড অফিসার, আদালতে কর্মরত কর্মচারী ও বিচারক, সরকারি রাজস্ব খাত হতে বেতনভুক্ত সকল কর্মচারী, সকল স্বায়ত্তশাসিত, স্বশাসিত, আধা-সরকারি বা রাষ্ট্রীয় মালিকানাধীন কোম্পানিতে কর্মরত সকল পর্যায়ের কর্মকর্তা-কর্মচারী এবং বিভিন্ন পর্যায়ে নির্বাচিত জনপ্রতিনিধিগণ পাবলিক সার্ভেন্ট হিসেবে বিবেচিত হন। এ প্রেক্ষাপটে বাংলাদেশে বিভিন্ন সময় পাবলিক সার্ভেন্ট অথবা তাদের পোষ্যগণ কর্তৃক দ্বৈত নাগরিকত্ব গ্রহণের বিষয়ে তাঁর দপ্তরে রক্ষিত তথ্যাদি পর্যালোচনা করা একান্ত আবশ্যক।

০৪। এমতাবস্থায়, তাঁর মন্ত্রণালয়ের অধীনে দ্বৈত নাগরিকত্ব গ্রহণ করা পাবলিক সার্ভেন্টগণের পাসপোর্ট ও এতদসংশ্লিষ্ট অন্যান্য তথ্য প্রেরণ করার জন্য দুর্নীতি দমন কমিশনের অনুমোদনক্রমে ও আদিষ্ট হয়ে অনুরোধ করা হচ্ছে। একইসঙ্গে নিয়োগ/পুনঃনিয়োগের ক্ষেত্রে বিষয়টি বিবেচনা করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

| যুগ্মসচিব (প্রশাসন) অধিশাখা |
|---|
| প্রশাসন-১ শাখা |
| প্রশাসন-২ অধিশাখা |
| প্রশাসন-৩ অধিশাখা |
| প্রশাসন-৪/মনিটরিং ও রিপোর্টিং শাখা |
| প্রশাসন-৫ অধিশাখা |
| আইসিটি সেল |
| হিসাব রক্ষণ কর্মকর্তা |
| লাইব্রেরি |
| ব্যক্তিগত কর্মকর্তা |
| অন্যান্য |
| নম্বর: ৫৮ স্বাক্ষর |

০৬/০১/২০২৫
মোঃ মোকাম্মেল হক
মহাপরিচালক (মানিলন্ডারিং)
ফোন: +৮৮০২২২২২১৯৪১
ই-মেইল: dg.moneylaundering@acc.org.bd

সিনিয়র সচিব/সচিব (সকল)
......কৃষি......মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্মারক নং ০০.০১.০০০০.৪০৩.৯৯.০১৫.২৪- তারিখ: পৌষ ১৪৩১ বঙ্গাব্দ / জানুয়ারি ২০২৫ খ্রিষ্টাব্দ

**অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. প্রধান উপদেষ্টার মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, ঢাকা।
৩. সচিব, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।
৪. সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
৫. অফিস নথি।

মোঃ মোকাম্মেল হক
মহাপরিচালক (মানিলন্ডারিং)

প্রশাসন অনুবিভাগ
কৃষি মন্ত্রণালয়

তারিখ: ০৭/০১/২০২৫